**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 10/17/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল বয়স্ক LGBTQ নিউ ইয়র্কবাসীদের সমর্থন নেটওয়ার্ক জোরদার করে বিধিমালায় স্বাক্ষর করলেন

## *বিধিমালা (S.78-A/A.7855) ফেডারেল ওল্ডার আমেরিকান অ্যাক্টের বাক্যাংশ "সবথেকে বড় সামাজিক চাহিদা" কে স্পষ্ট করে যাতে যেসব বয়স্ক LGBTQ ব্যক্তিদের গতানুগতিক সমর্থন ও কেয়ারগিভিংয়ের উৎসের অভাব রয়েছে তাদের জন্য স্টেটের সেবা কর্মসূচি জোরদার করা যায়*

গভর্নর ক্যাথি হোকল আজকে বিধিমালা (S.78-A/A.7855) স্বাক্ষর করলেন যা নিউ ইয়র্ক স্টেটের এজিং অফিস (New York State's Office for the Aging) পরিচালিত বয়স্ক নিউ ইয়র্কবাসীদের সমর্থন করার কর্মসূচি সংশোধন করে। এই আইনটি স্পষ্ট করে যে 1965 সালের ওল্ডার আমেরিকান অ্যাক্ট (Older Americans Act, OAA). যা "সবথেকে বড় সামাজিক চাহিদার" ভিত্তিতে তহবিল ও সেবার নির্দেশ প্রদান করে, তার মধ্যে বর্ণ ও জাতিগত অবস্থা, সেকসুয়াল ওরিয়েন্টেশন, লিঙ্গ পরিচয় বা প্রকাশ, বা হিউমেন ইমিউনোডেফিসিয়েন্সি ভাইরাস (Human immunodeficiency virus, HIV) দশার জন্য প্রতিবন্ধকতা বা এর ফলে সৃষ্ট বিচ্ছিন্নতাকে বিবেচনা করা হবে। এই নির্ণায়কগুলি হলো অর্থনৈতিক-নয় এমন নির্ণায়ক যা একজন বয়স্ক ব্যক্তির প্রতিদিনের সাধারণ কাজ করার ক্ষমতাকে প্রভাবিত করতে পারে এবং এই বিলটি নিশ্চিত করবে যাতে এই নির্ণায়কগুলি ব্যবহার করে প্রতিটি ব্যক্তির স্বাধীনভাবে বাঁচার সক্ষমতাকে সমর্থন করার জন্য সেবা প্রদান করা যায়।

"গভর্নর হিসেবে, আমার শীর্ষ অগ্রাধিকারগুলির একটি হলো সকল নিউ ইয়র্কবাসী যাতে তাদের পরিচয় নির্বিশেষে তাদের প্রয়োজনীয় সেবা ও সাহায্য পেতে পারে তা নিশ্চিত করা," **গভর্নর হোকল বলেন।** "লেসবিয়ান, গে, বাইসেকসুয়াল, ট্রান্সজেন্ডার, কুইয়ের (Lesbian, Gay, Bisexual and Transgender, Queer+, LGBTQ) সম্প্রদায়ের বয়স্ক ব্যক্তিদের জন্য শারীরিক ও মানসিক সেবা পাওয়ার ক্ষেত্রে ব্যাপক অসমতা রয়েছে, এবং এই বিধিমালা সেইসব অসমতা সমাধানে এবং একই সাথে বয়স্ক LGBTQ নিউ ইয়র্কবাসীরা যাতে স্টেটের বাকি সকলের মতো একই সম্মান ও সমর্থন পায় তা নিশ্চিত করতে সাহায্য করার জন্য একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।"

বর্তমানে, ফেডারেল আইন অনুযায়ী স্টেটকে ওল্ডার আমেরিকান অ্যাক্ট কর্মসূচি ও সেবাসমূহ গ্রামীণ এলাকার, একাধিক অক্ষমতাসহ, সীমিত ইংরেজি দক্ষতাসহ, অ্যালঝেইমার্স এবং সংশ্লিষ্ট ডিজঅর্ডার আক্রান্ত, ইন্সটিটিউশনাল প্লেসমেন্টের ঝুঁকিতে থাকা, সবথেকে বেশি আর্থিক

অভাবে থাকা, এবং সবথেকে বেশি সামাজিক চাহিদা থাকা জনগোষ্ঠীর জন্য অভীষ্ট পরিকল্পনা করতে হয়।

গে, লেসবিয়ান, বাইসেকসুয়াল, এবং ট্রান্সজেন্ডার বয়স্কদের জন্য সেবা ও অ্যাডভোকেসি (Services & Advocacy for Gay, Lesbian, Bisexual & Transgender Elders, SAGE) অনুযায়ী, LGBTQ বয়স্ক ব্যক্তিদের প্রায়শই গতানুগতিক সমর্থন ও কেয়ারগিভিংয়ের উৎস থাকে না, তাদের অপেক্ষাকৃত খারাপ শারীরিক ও মানসিক স্বাস্থ্য থাকে এবং তাদের সমকক্ষ LGBTQ-নয় এমন মানুষদের থেকে দারিদ্র্যের হার বেশি থাকে, এবং তারা বহু দশকের বাস্তব ও অনুভূত বৈষম্যের অভিজ্ঞতার ফলে সুস্পষ্ট সাংস্কৃতিক এবং সামাজিক বিচ্ছিন্নতার সম্মুখীন হয়।

1965 সালের ফেডারেল OAA আলাদা করে এর নির্দেশনায় LGBTQ বয়স্ক ব্যক্তিদের উল্লেখ করে না। "আইনের নির্দেশনার মাধ্যমে, স্টেটগুলি তাদের স্টেটের OAA কর্মসূচি ও সেবা পরিচালনা করার পরিকল্পনায় LGBTQ বয়স্ক ব্যক্তিদের অন্তর্ভুক্ত করতে পারবে, এবং এই বিধিমালাটি তাদের অন্তর্ভুক্তিকরণকে কোডিফাই করবে, এবং একইসাথে HIV নিয়ে বেঁচে থাকা বয়স্ক ব্যক্তিদের নিউ ইয়র্ক স্টেটের এল্ডার আইনে (New York State's Elder Law) সবথেকে বেশি সামাজিক চাহিদাসহ জনগোষ্ঠী হিসেবে অন্তর্ভুক্ত করবে।" নিউ ইয়র্ক ক্যালিফোর্নিয়া ও ইলিনয়ের মতো অন্যান্য স্টেটের সাথে যোগ দিবে যারা ইতোমধ্যে এই জনগোষ্ঠীর অনন্য সামাজিক চাহিদা উপলব্ধি করতে পেরেছে, এবং এটি নিশ্চিত করবে যে নিউ ইয়র্ক স্টেট LGBTQ বয়স্ক ব্যক্তিদের শেষ জীবন কাটানোর জন্য প্রয়োজনীয় সেবা ও সমর্থন প্রদান করছে।

**স্টেট সিনেটর ব্র্যাড হোয়েলম্যান বলেন,** "ফেডারেল ওল্ডার অ্যাক্ট আমাদের বয়স্ক ব্যক্তিদের সবথেকে বড় সামাজিক চাহিদা, যা হলো মর্যাদাপূর্ণ জীবনযাপন করার জন্য প্রয়োজনীয় সংস্থান , প্রদান করার ক্ষেত্রে সবথেকে গুরুত্বপূর্ণ ব্যবস্থাগুলির একটি, এবং আমাদেরকে অবশ্যই নিশ্চিত করতে হবে যাতে নিউ ইয়র্ক সার্বিকভাবে অ্যাক্টটি পরিচালনা করে। অ্যাসেম্বলি সদস্য ব্রনসনের সাথে আমাদের বিলটি (S.78A) নিশ্চিত করে যাতে অর্থনৈতিক-নয় এমন নির্ণায়ক, যেমন শারীরিক ও মানসিক অক্ষমতা, ভাষার প্রতিবন্ধকতা, এবং বর্ণ ও জাতিগত অবস্থা, সেকসুয়াল ওরিয়েন্টেশন, লিঙ্গ পরিচয় বা প্রকাশ বা HIV দশার ফলে সৃষ্ট সাংস্কৃতিক ও সামাজিক বিচ্ছিন্নতা, স্টেটের বিবেচনাধীন হয়। এই বিলটিকে ভোটের অধীনে আনার জন্য সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা স্টুয়ার্ট-কাজিন্সকে এবং আমাদের বিলটিকে আজকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ।"

**অ্যাসেম্বলি সদস্য হ্যারি বি ব্রনসন বলেন,** "আমি আমার সহকর্মী, সিনেটর হোলিম্যান এবং গভর্নর হোকলকে এই বিধিমালার আইনে পরিণত হওয়া নিশ্চিত করার জন্য ধন্যবাদ জানাতে চাই। ওল্ডার আমেরিকান অ্যাক্ট সকলকে প্রভাবিত করে – বয়স্ক ব্যক্তি, যারা তাদের সমর্থন প্রদান করে, এবং আমরা যারা একদিন বয়স্ক হতে চাই, আমাদের সকলকে। এছাড়াও এটি স্বাধীনভাবে, সম্মানের সাথে, আমাদের পুরো জীবনজুড়ে আমাদের ব্যক্তিগত পছন্দ ও লক্ষ্য অনুযায়ী প্রতিদিনের সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করার একটি প্রতিশ্রুতি প্রদান করে। এই প্রতিশ্রুতিটি এখন সবথেকে বেশি গুরুত্বপূর্ণ, এবং এই বিধিমালাটি আরো অনেক বেশি নিউ ইয়র্কবাসীর জন্য সেই প্রতিশ্রুতি পূরণে সাহায্য করবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418